**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-৪৬২

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

**বিষয় : আসন্ন গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে (OCV ও ICPV) ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি সংক্রান্ত**

সূত্র: ১। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.২৫(অংশ-১)- ৪৩৪, তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৫

২। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নম্বর- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.২৫(অংশ-১)-৩৪২, তারিখ: ১৮ নভেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের পত্রের মাধ্যমে ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে **বিদেশে অবস্থানরত বাংলাদেশী ভোটার, দেশের অভ্যন্তরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারী, নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ও আইনি হেফাজতে আটক ব্যক্তিদেরকে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত সময় ধার্য করা হয়েছিল।**

০২। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ অনুসারে পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত সরকারি কর্মকর্তা-কর্মচারী, আইনি হেফাজতে আটক ব্যক্তি এবং প্রবাসী ভোটারগণের জন্য তফসিল ঘোষণার দিন হতে ১৫ দিনের মধ্যে আবেদনের বিধান রয়েছে। ভোটগ্রহণ কর্মকর্তাদের ক্ষেত্রে নিয়োগ প্রাপ্তির পর যথাশীঘ্র সম্ভব রেজিস্ট্রেশনের বিধান রয়েছে। কিন্তু কারিগরি ত্রুটির কারণে নিরবচ্ছিন্নভাবে ১৫ দিন রেজিস্ট্রেশন চলমান রাখা সম্ভব হয়নি। এছাড়া, বিপুল সংখ্যক রেজিস্ট্রেশন এর রিকোয়েস্ট আসলেও তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা সম্ভব হয়নি। সে বিবেচনায় এ রেজিস্ট্রেশন চলমান রাখা প্রয়োজন। অন্যথায়, প্রায় ১৫ লক্ষ সরকারি কর্মচারি, পোলিং পার্সোনেলসহ প্রবাসী ভোটারগণ রেজিস্ট্রেশনের সুযোগ থেকে বঞ্চিত হবে। এমতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশন OCV ও ICPV এর আওতাধীন সকল ভোটারকে **আগামী ০৫ জানুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত** রেজিস্ট্রেশন এর সুযোগ প্রদানের সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৩। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে OCV ও ICPV এর আওতাধীন সকল ভোটারকে **আগামী ০৫ জানুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত** রেজিস্ট্রেশন এর সুযোগ প্রদানের বিষয়টি যথাযথভাবে প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.১২.২৫
(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিদেশে অবস্থানরত বাংলাদেশী মিশনসমূহের মাধ্যমে ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাক
৫. চেয়ারম্যান, বাংলাদেশ সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ, ঢাকা
৬. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা
৭. মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৯. বিভাগীয় কমিশনার (সকল)
১০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
১১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)
১২. জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

f:\ashraf pc doc\new volume\election\all letter\bibdh letter.doc

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

১৩. পুলিশ সুপার (সকল)
১৪. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার (সকল)
১৫. ................................ ও সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
১৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
১৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
১৯. অফিসার-ইন-চার্জ (সকল)।

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-৪৬২

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৩. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৯. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২০. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি এবং ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ]
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
২২. জেলা তথ্য অফিসার, (সকল)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩০/১২/২০২৫

( মোঃ শহিদুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com